

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৮০

ধর্মনগর, ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযান

উত্তর ত্রিপুরা জেলায় সেমিনার

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে আজ উত্তর ত্রিপুরা জেলায় এক সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়। ধর্মনগরের বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে এই সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, এসপি ভানুপদ চক্রবর্তী, সিএমও ডা. অরুনাভ চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমাজকল্যাণ দপ্তরের জেলা পরিদর্শক প্রসেনজিত দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধানসভার অধ্যক্ষ বলেন, সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে মায়েদের ভূমিকা সবচেয়ে বেশি। মায়েরা যত শিক্ষিত হবে, সমাজ তত এগিয়ে যাবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, মেয়েদের সার্বিক বিকাশের লক্ষ্যে এই বেটি বাঁচাও, বেটি পড়াও প্রকল্পটি ২০১৫ সালে চালু করেন আমাদের দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এদিনের অনুষ্ঠানে অঙ্গনওয়াড়ি কর্মী, আশাকর্মী ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।
